



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ।

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/বরগুনা-১১৫/ ২৩৬৬

তারিখ : ৯/০২/২০১৭খ্রিঃ

বিষয় : সঠিকতা যাচাই পূর্বক সুস্পষ্ট মতামত প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার পাথরঘাটা উপজেলাধীন শিংড়া বুনিয়া উজির আলী দাখিল মাদরাসার সুপার এডহক কমিটি অনুমোদনের জন্য গত ২৯/১১/২০১৬খ্রিঃ তারিখে কাগজপত্রসহ আবেদন করেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, উপজেলা নির্বাহী অফিসার, পাথরঘাটা, বরগুনা কর্তৃক নম্বর-০৫.১০.০৪৮৫.০০৪.০৪.০০২.১৬-৭৬৬; তারিখঃ ২১.১১.২০১৬খ্রিঃ স্মারকে এডহক কমিটির অভিভাবক সদস্য হিসাবে জনাব মোঃ শহিদ পাহলান, পিতা- মোঃ আকছেম পাহলান-কে মনোনয়ন দেয়া হয় (কপি সংযুক্ত)।

পরবর্তীতে মাদরাসার সুপার কর্তৃক ০৩/০১/২০১৭খ্রিঃ তারিখে পুনরায় কাগজপত্র দাখিল করা হলে দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, উপজেলা নির্বাহী অফিসার, পাথরঘাটা, বরগুনা কর্তৃক নম্বর-০৫.১০.০৪৮৫.০০৪.০৪.০০২.১৬-৮২২; তারিখঃ ১৫.১২.২০১৬খ্রিঃ স্মারকে এডহক কমিটির অভিভাবক সদস্য হিসাবে জনাব মোঃ মোশারফ হোসেন ইউছুফ, পিতা- মৃত আলতাফ হোসেন হাং-কে মনোনয়ন দেয়া হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় তার কার্যালয় কর্তৃক প্রেরিত উপরিলিখিত স্মারক দুটির সঠিকতা যাচাই পূর্বক কোন স্মারকের বলে অত্র বোর্ড হতে এডহক কমিটির অভিভাবক সদস্য মনোনয়ন দেয়া হবে সে বিষয়ে সুস্পষ্ট মতামত জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
পাথরঘাটা, বরগুনা।

নং- বামাশিবো/প্রশা/বরগুনা-১১৫/

তারিখ : /০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. জেলা প্রশাসক, বরগুনা।
২. জেলা শিক্ষা অফিসার, বরগুনা।
৩. সুপার, শিংড়া বুনিয়া উজির আলী দাখিল মাদরাসা, পাথরঘাটা, বরগুনা।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪